

লি এন্ড ফুং আমাদের কোম্পানিতে এবং সরবরাহকারী সকলের সাথে দায়িত্বশীল ব্যবসা অনুশীলন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আশা করি, আমাদের সরবরাহকারীরা প্রতিনিয়ত তাদের কর্মক্ষমতা উন্নয়ন করার জন্য, শক্তিশালী **শাসন ব্যবস্থার** বাস্তবায়ন, **কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা** জোরদার করার অনুশীলন, **কর্মক্ষেত্রে মৌলিক অধিকারের** সম্মান প্রদর্শন এবং **পরিবেশগত কর্মদক্ষতা** বৃদ্ধি করবে।

লি এন্ড ফুং সরবরাহকারীর আচরণবিধি ("সরবরাহকারীর আচরণ") এবং এর সম্পর্কিত নির্দেশনা নির্ভর করে স্থানীয়, আন্তর্জাতিক আইনসমূহ ও বিধিমালা, আন্তর্জাতিক শ্রম সংস্থার কোর কনভেনশন, মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের ব্যবসায়িক নীতিমালা, জাতিসংঘের গ্লোবাল কম্প্যাক্ট, বহুজাতিক কোম্পানির জন্য ওইসিডি নির্দেশিকা, দায়িত্বশীল ব্যবসা পরিচালনার জন্য ওইসিডি ডিউ ডিলিজেন্স নির্দেশিকা, প্যারিস জলবায়ু চুক্তি, জাতিসংঘের জলবায়ু পরিবর্তনের রূপরেখা সম্মেলন এবং অন্যান্য প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানদণ্ডের উপর।

লি এন্ড ফুং এর পণ্য সরবরাহের সাথে জড়িত সকল কর্মস্থল এবং এর সাথে জড়িত সকল আবাসন ব্যবস্থার জন্য এই আচরণবিধি প্রযোজ্য। সরবরাহকারীরা তাদের সাথে সম্পর্কিত পরবর্তী ধাপের সরবরাহকারীদের পর্যায়ক্রমিক মূল্যায়ন ও প্রশিক্ষণের মাধ্যমে এই মানদণ্ড ও নির্দেশিকা মেনে চলা নিশ্চিত করার জন্য দায়িত্বশীল।

শাসন ব্যবস্থা

- সরবরাহকারীরা সামাজিক এবং পরিবেশগত ডিউ ডিলিজেন্স পরিচালনা করবেন
- সরবরাহকারীরা সরবরাহের চেইন ম্যাপিং এবং কাঁচামাল সংগ্রহের সকল স্তরের ট্রেসিবিলিটি নিশ্চিত করবেন
- সরবরাহকারীরা স্বচ্ছ এবং ক্রমাগত উন্নয়নে সচেষ্ট থাকবেন
- সরবরাহকারীরা নৈতিক ব্যবসা অনুশীলনে নিযুক্ত থাকবেন
- সাব কন্ট্রাকটিং এবং হোম ওয়ার্কিং শুধুমাত্র পূর্বলিখিত অনুমতির মাধ্যমে করা যাবে
- ব্যবসার লাইসেন্স আইনি শর্তানুযায়ী হতে হবে

কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং স্বাস্থ্য

- অগ্নি নিরাপত্তা, জরুরী সতর্কতা, প্রতিরোধ এবং অনুশীলনে দায়িত্বশীল থাকবেন
- প্রাথমিক চিকিৎসা, পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য সংক্রান্ত নীতিমালা ও অনুশীলনে দায়িত্বশীল থাকবেন
- রাসায়নিক এবং বিপদজনক পদার্থসমূহ, বিশেষ সরঞ্জামাদি, স্থান এবং বর্জ্য নিরাপত্তা ব্যবস্থাপনার জন্য দায়িত্বশীল থাকবেন
- বৈদ্যুতিক, ভবন এবং নির্মাণের অনুমতি সম্পর্কিত নীতিমালা সমূহের বাস্তবায়নের জন্য দায়িত্বশীল থাকবেন
- নিরাপদ এবং পরিষ্কার পরিচ্ছন্ন আবাসিক ব্যবস্থা, শিশু পরিচর্যা কেন্দ্র এবং কেন্দ্রের সুব্যবস্থা নিশ্চিত করবেন

কর্মক্ষেত্রে মৌলিক অধিকার

- সকল ধরনের কাজ অবাধে নির্বাচন করা (সকল ধরনের বাধ্যতামূলক বা বাধ্যতামূলক শ্রম বা মানব পাচার থেকে মুক্ত রাখা)
- সকল শ্রমিক ন্যূনতম বয়সের শর্ত পূরণ করবে (১৫ বা দেশের আইন অনুযায়ী বয়স যেটা সর্বোচ্চ তা প্রযোজ্য)
- সকল শ্রমিকের সাথে সম্মানজনক আচরণ করবেন এবং ব্যবহারের সমতা নিশ্চিত করবেন
- সংগঠন করার স্বাধীনতা এবং মতৈক্যের মাধ্যমে দর কষাকষির অধিকার
- দায়িত্বশীল নিয়োগ, মজুরি, সুযোগ-সুবিধা কর্মঘণ্টা এবং ইস্তফা দেয়ার ব্যবস্থা
- কার্যকর অভিযোগ গ্রহণের প্রক্রিয়া

পরিবেশগত সক্ষমতা

- একটি পরিবেশগত ব্যবস্থাপনা প্রবর্তন ও বাস্তবায়ন করা
- রাসায়নিক দ্রব্য, দূষিত পানি, বায়ু নিগমন, বর্জ্য এবং শব্দ দূষণের প্রভাব গুলো হ্রাস করা
- শক্তি ও সম্পদের দক্ষতা বৃদ্ধিকরণ

সরবরাহকারীদের অবশ্যই লি এন্ড ফুং এর মানদণ্ড এবং নির্দেশনা অনুসারে সমস্ত সমস্যার প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

যদি কেউ সরবরাহকারীর আচরণবিধির লংঘন দেখেন, তাহলে তারা নাম গোপন করে ইমেইলের মাধ্যমে লি এন্ড ফুং এর কর্পোরেট গভর্নেন্স ডিভিশনে (CorpGov@lifung.com) যোগাযোগ করতে পারেন অথবা লি এন্ড ফুং এর মনোনীত হার্ড পাটি হুইসেল রোয়িং চ্যানেলের মাধ্যমে QR কোডটি স্ক্যান করে অভিযোগটি জানাতে পারেন। অ্যাক্সেস কোড : lifung

লি এন্ড ফুং এর আচরণবিধি, ব্যবসায়িক নীতি, উদ্বেগ এবং অসদাচরণ সম্পর্কে বিস্তারিত জানাতে কোম্পানির ওয়েবসাইট দেখুন।

